

কালের কণ্ঠ

ক্যারিয়ার মেলায় পররাষ্ট্রমন্ত্রী

পাঁচ বছরে দেড় কোটি কর্মসংস্থান করবে সরকার

২৮ জুন, ২০১৯



প্রতিবছর ৩০ লাখ করে আগামী পাঁচ বছরে সরকার দেড় কোটি মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গতকাল বৃহস্পতিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘ব্র্যাক ইউনিভার্সিটি ন্যাশনাল ক্যারিয়ার ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন।

তিনি আরো বলেন, ‘দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্যারিয়ারের উন্নয়ন ও প্রস্তুতির লক্ষ্যে দেশের বিভিন্ন

সেক্টরের প্রথিতযশা কম্পানিগুলোর সঙ্গে সরাসরি যোগাযোগের প্ল্যাটফর্ম হিসেবে এই ক্যারিয়ার ফেয়ার সহায়ক ভূমিকা রাখবে।' পররাষ্ট্রমন্ত্রী মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য ভেনসেন্ট চ্যাং, বাংলাদেশ অর্থনীতি সমিতির মহাসচিব জামাল উদ্দিন, ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অব স্টুডেন্ট অ্যাফেয়ার্সের পরিচালক দিলারা আফরোজ খান রুপা, ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রার লে. কর্নেল (অব.) মো. ফয়জুল ইসলাম ও এনআরবি জবসের এমডি ও সিইও মো. মাহবুবে এলাহী চৌধুরী।

উদ্বোধনী অধিবেশনে ইয়ুথ পাওয়ার হাউস বিষয়ে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এফবিসিসিআইয়ের পরিচালক আমজাদ হোসেন।

দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন করপোরেট প্রতিষ্ঠান, মাল্টিন্যাশনাল কম্পানি, উন্নয়ন সংস্থাসহ সরকারি- বেসরকারি প্রায় ১০০-র বেশি প্রতিষ্ঠানের অংশগ্রহণে দুই দিনব্যাপী এই ক্যারিয়ার ফেয়ার অনুষ্ঠিত হচ্ছে।